গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা
www.czi.khulna.gov.bd

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.০০১.০৫.০০০১.২৩.৫৪

**বিষয়: সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য।**
সূত্র: বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লার ০৫/০২/২০২৫ তারিখের ৪৭.৬১.০০০০.৩৪৫.১৬.০০১.২৫.২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনার (২০২৪-২০২৫) অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনার সূচক 'সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এর সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা **''হোয়াটস অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃ সমবায় সম্পর্ক সৃষ্টি ও দৃঢ়করণ''**- এর তথ্য সংযুক্তিসহ নিম্নছকে প্রেরণ করা হলো।

| ক্রঃনং | গৃহীত কার্যক্রম | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সেবা সহজিকরণ সংক্রান্ত উদ্ভাবনী প্রকল্প প্রস্তুতকরণ (ফরম ১৩ মোতাবেক) | ২৬/০৯/২০২৪ | কপি সংযুক্ত ১ |
| ২ | উদ্যোগটির বাস্তবায়নের জন্য বাস্তবায়নকারী টিম গঠন | ২৬/০৯/২০২৪ | কপি সংযুক্ত ২ |
| ৩ | স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অবহিতকরণ সভা | ০৩/১০/২০২৪ | কপি সংযুক্ত ৩ ও ৪ |
| ৪ | উদ্ভাবনী প্রকল্প প্রস্তাবনা উর্ধতন কতৃপক্ষের নিকট প্রেরণ, ২০২৪-২০২৫ | ০২/১০/২০২৪ | কপি সংযুক্ত ১ |
| ৫ | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি করে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা | ২৬/০৯/২০২৪ থেকে অদ্যাবধি | চলমান প্রক্রিয়া |
| ৬ | প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ; | ২৬/০৯/২০২৪ থেকে অদ্যাবধি | চলমান প্রক্রিয়া |
| ৭ | আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপন তদারকী ও প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ। | ডিসেম্বর/২০২৪ থেকে অদ্যাবধি | চলমান প্রক্রিয়া |

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উদ্ভাবনী প্রকল্প প্রস্তাবনা উর্ধতন কতৃপক্ষের নিকট প্রেরণ, ২০২৪-২০২৫
(২) বাস্তবায়নকারী টিম
(৩) অংশীজনের সভা, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত ।
(৪) কার্যবিবরণী

২০-০২-২০২৫
মাসুদা পারভীন
অধ্যক্ষ
০২৪৭৭৭০২৫১২
czi.khulna@coop.gov.bd

অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক)
অধ্যক্ষ এর কার্যালয়, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা
www.czi.khulna.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০১.০৫.০০১.২৩.১৭২

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **উদ্ভাবনী প্রকল্প প্রস্তাবনা প্রেরণ।**

উর্পযুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা থেকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫ মোতাবেক একটি উদ্ভাবনী প্রকল্প প্রস্তাবনা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২-১০-২০২৪
মাসুদা পারভীন
অধ্যক্ষ
০২৪৭৭৭০২৫১২
czi.khulna@coop.gov.bd

অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), অধ্যক্ষ এর কার্যালয়, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
গবেষণা সহকারী, উপ-নিবন্ধক(গবেষণা ও প্রকাশনা), বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) হোয়াট'স অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ এবং আন্তঃ সমবায় সম্পর্ক দৃঢ়করণ।

# উদ্ভাবনী প্রকল্পের বিস্তারিত তথ্যাদি:

## উপকরণ ফরম ১৩

১। ক. চিহ্নিত সেবার নাম: **হোয়াটস অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃ সমবায় সম্পর্ক সৃষ্টি ও দৃঢ়করণ।**

১। খ. সেবা গ্রহণকারী কারা?: খুলনা বিভাগাধীন বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, যশোর ও নড়াইল জেলার সমবায় কর্মচারী এবং সমবায়ী ও সমবায় কর্মচারীবৃন্দ।

২। ক. সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়?

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সসমূহের (রাজস্ব ও সিডিএফ) প্রশিক্ষণ মডিউল, নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট (হার্ড কপি) ফটোকপি করে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের (কর্মচারী, সমবায়ী ও সমবায় কর্মচারী) মাঝে বিতরণ;

২। খ. চিহ্নিত সেবা প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সমস্যার মূল কারণ:


আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সসমূহের (রাজস্ব ও সিডিএফ) প্রশিক্ষণ মডিউল, নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট (হার্ড কপি) ফটোকপি করে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের (সমবায়/সমবায় কর্মী) মাঝে বিতরণ করা হয়। সকল প্রশিক্ষণ কোর্সের সকল সেসনের হ্যান্ড নোটের হার্ড কপি সকল প্রশিক্ষণার্থীকে বিতরণ ব্যয়বহুল। যেমন, ০৫ (পাঁচ) দিনের ০১ (এক) টি প্রশিক্ষণ কোর্সে সাধারণত ২০ (কুড়ি) বার তারও বেশি সেসন থাকে। এভাবে একটি বর্ষে বিভিন্ন মেয়াদে (০৫ দিন, ০৭ দিন, ১২ দিন, ৩০ দিন ইত্যাদি) ৩০-৩৫ টি প্রশিক্ষণ কোর্সে হতে পারে। যার সেসন সংখ্যা প্রায় ২০০০ টি। যদি প্রতিটি কোর্সে ২৫ জন প্রশিক্ষণার্থী থাকে সেক্ষেত্রে হ্যান্ড নোটের সংখ্যা হবে প্রায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টি যা ব্যয়বহুল। তাছাড়া নির্ধারিত মেয়াদে প্রশিক্ষণ শেষে প্রশিণার্থীগণ উক্ত হ্যান্ডনোটসমূহ যথাযথভাবে সংরক্ষণ করেন না এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে কোন কাজে লাগান না।

| বিদ্যমান সমস্যা | সমস্যার মূল কারণ |
|---|---|
| • প্রশিক্ষণ সেসনসমূহের নির্ধারিত বিষয়বস্তু ও বিবরণ সম্পর্কে প্রকৃত জ্ঞান না থাকা;<br>• সমবায় সম্পর্কে প্রকৃত জ্ঞান না থাকা;<br>• প্রশিক্ষণ পরবর্তী নিবিড় ফলো-আপ না থাকা;<br>• আন্তঃ সমবায় সম্পর্ক না থাকা;<br>• টিসিভি অপচয়। | • প্রশিক্ষণ সেসনসমূহের হ্যান্ড নোট যথাযথভাবে সংরক্ষণ না করা;<br>• মানষিকতার অভাব;<br>• প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগ না করা;<br>• তদারকী ও পরিচর্যার অভাব;<br>• একাধিক প্রশিক্ষণ কোর্সে একই প্রশিক্ষণার্থী পুণঃ মনোনয়ন। |

৩। সমস্যাটির ভুক্তভোগী কারা? : কর্মচারী, সমবায়ী ও সমবায় কর্মচারীবৃন্দ।

৪) সমস্যাটির পরিধি কত বড়? (সমস্যা কি সারাদেশে বিস্তৃত? উপকারভোগীদের শতকরা কতজন ভুক্তভোগী?): যদিও সমস্যাটি স্থানীয় ভাবে চিহ্নিত করা হয়েছে প্রকৃত পক্ষে সমস্যাটি সারা দেশে বিস্তৃত। উপকারভোগীদের শতকরা প্রায় ৭৫% এর ভুক্তভোগী।

৫) কি সমাধান? (এখানে আইডিয়াটির শিরোনাম লিখতে হবে): **হোয়াট'স অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃ সমবায় সম্পর্ক দৃঢ়করণ।**




৬) ক. সমাধান প্রক্রিয়া (Flow Chart)

| আইডিয়ার বিবরণ (আবেদন পূর্ব হতে সেবা দেয়ার পর পর্যন্ত যা যা করা হবে, তার বিস্তারিত বিবরণ) | নতুন প্রসেস ম্যাপ (কাস্টমারের নিকট একটি সেবা যেভাবে পৌছে দেয়া হবে, তা বুলেট পয়েন্ট আকারে ধারাবাহিকভাবে লিখতে হবে) |
|---|---|
| আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা হয়।<br><br>এরপর প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ করা হয়। এক্ষেত্রে কোন বাড়তি সময় ও অর্থ ব্যয়/অপচয় হচ্ছে না। হ্যান্ড নোটের বিষয়বস্তুসহ খুটি-নাটি বিয়য়ে গ্রুপে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে আগ্রহী প্রশিক্ষণার্থীগণ চলমান সেসনের বিষয়বস্তু সম্পর্কে সাম্যক জ্ঞান লাভ করতে পারেন। প্রশিক্ষণ কোর্সের মেয়াদ শেষেও গ্রুপে সমবায় সম্পর্কিত নানা বিষয়ে পারস্পরিক আলোচনা অব্যাহত থাকে ফলে চমৎকার আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপিত হয়। ফলে গ্রুপের সদস্যদের পারস্পরিক আস্থা ও বিশ্বাস দৃঢ় হয় যা সমবায়ে সাফল্যের আরেককটি গুরুত্বপূর্ণ নীতি হিসেবে বিবেচিত হয়। প্রশিক্ষণাথীদের পারস্পরিক আস্থা ও বিশ্বাস তাদেরকে উদ্যমী, আগ্রহী ও আত্মবিশ্বাসী করে তোলে।<br><br>এর ফলে খুব সহজেই নিবিড় প্রশিক্ষণ প্রদান পরবর্তী ফলো-আপ করা সম্ভব হয়। এতে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগের বিষয়ে উৎসাহ প্রদান, মনিটরিং এবং সাফল্য গাঁথা উদঘাটন করা সম্ভব হয়। তাছাড়া খুব সহজে একই প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে একাধিকবার অংশগ্রহণ রোধ করা যায়। | • আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি করে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা;<br><br>• প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ করা;<br><br>• সরবরাহকৃত হ্যান্ড নোটের বিষয়বস্তু সহ খুটি-নাটি বিয়য়ে গ্রুপে বিস্তারিত আলোচনা;<br><br>• প্রশিক্ষণ কোর্সের মেয়াদ শেষেও গ্রুপে সমবায় সম্পর্কিত নানা বিষয়ে পারস্পরিক আলোচনা অব্যাহত রাখা;<br><br>• প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ;<br><br>• একই প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে একাধিকবার অংশগ্রহণ রোধ করা;<br><br>• আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপন; |



৬) খ. আইডিয়া পাইলট করার জন্য নির্ধারিত এলাকা (কতটুকু এলাকা জুড়ে এ আইডিয়া বাস্তবায়ন করা হবে? যেমন- খুলনা বিভাগাধীন বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, যশোর, নড়াইল, ঝিনাইদহ ও মাগুরা জেলার সমবায় কর্মচারী এবং সমবায়ী ও সমবায় কর্মচারীবৃন্দ এর আওতাভুক্ত হবেন।

৭) প্রত্যাশিত ফলাফল (TCV)

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ১. হ্যান্ড নোট প্রদান= প্রতিটি কোর্সে প্রায় ৪/৫ ঘন্টা।<br>(এভাবে একটি বর্ষে প্রায় ৩৫-৪০ টি কোর্সে প্রায় ২০০০ সেসন এবং প্রশিক্ষণার্থী প্রায় ৫০০০০ জন)<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: সম্ভব হতো না।<br>টেকসই হতে= কমপক্ষে ১ বছর (অনেক ক্ষেত্রে টেকসই কার্যক্রম অঙ্কুরেই বিনাশ হত) | ১. হ্যান্ড নোট প্রদান= প্রায় ১০-১৫ লক্ষ টাকা।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: সুযোগ সীমিত।<br><br>টেকসই হতে= অপ্রত্যাশিত খরচ। | হ্যান্ড নোট প্রদান= প্রায় ১৯০০-২০০০ বার।<br>টেকসই হতে= অনাগ্রহী ছিল। |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১. হ্যান্ড নোট প্রদান= কয়েক মিনিট মাত্র।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত। পূর্বে এমন চিন্তা করারও সুযোগ ছিল না।<br>৩. টেকসই হতে = ১৫-৩০ দিন<br>টেকসই হতে= ৬ মাস | ১. হ্যান্ড নোট প্রদান= কোন খরচ হবে না।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত।<br>৩. টেকসই হতে= খরচ নেই। | ১. হ্যান্ড নোট প্রদান= কোন সময় অপচয় হবে না। যাতায়াত: ০ বার।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: ০ বার।<br>৩. টেকসই হতে= যাতায়াত লাগবে না। |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | ১. হ্যান্ড নোট প্রদান= কয়েক মিনিটেই প্রশিক্ষণার্থীদের হ্যান্ডনোট সরবরাহ করা যায়।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: ফলপ্রসু প্রশিক্ষণ ও কার্যকর আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন। | ১. হ্যান্ড নোট প্রদান= কোন খরচ হবে না।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত।<br>৩. টেকসই হতে= খরচ নেই। | ১. হ্যান্ড নোট প্রদান= কোন সময় অপচয় হবে না। যাতায়াত: ০ বার।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: ০ বার।<br>৩. টেকসই হতে= যাতায়াত লাগবে না। |

বিঃদ্রঃ এই উদ্যোগের ফলে খুব সহজেই নিবিড় প্রশিক্ষণ প্রদান পরবর্তী ফলো-আপ করা সম্ভব হয়। এতে শিক্ষণার্থীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগের বিষয়ে উৎসাহ প্রদান, মনিটরিং এবং সাফল্য গাঁথা উদঘাটন করা সম্ভব হয়। তাছাড়া খুব সহজে একই প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে একাধিকবার অংশগ্রহণ রোধ করা যাবে।

অন্যান্য সুবিধা: (অনেক উদ্যোগ এর সুফল টিসিভি দিয়ে বুঝানো যাবে না অথবা টিসিভিতে পরিবর্তন ছাড়াও অন্যান্য দৃশ্যমান সুবিধা থাকতে পারে। এসব কিছুর বিবরণ এখানে লিখতে হবে।)



৮) বাস্তবায়নকারী টিম: (উদ্যোগটির পাইলট বাস্তবায়ন করার জন্য প্রতিটি অফিসে যে টিম গঠন করা প্রয়োজন)

| | দলনেতা | সদস্য-১ | সদস্য-২ |
|---|---|---|---|
| নাম | মাসুদা পারভীন | শশাংক শেখর রায় | মোঃ কামরুজ্জামান |
| পদবি | অধ্যক্ষ | পরিদর্শক | পরিদর্শক |
| দপ্তর | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট |
| ঠিকানা | বয়রা, খুলনা | বয়রা, খুলনা | বয়রা, খুলনা |

৯. আইডিয়া পাইলট করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম

| **মাইলস্টোন** | **একটিভিটি** | **কে করবে?** | Time (মাস ভিত্তিক) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | অক্টোবর/২৪ | নভেম্বর/২৪ | ডিসেম্বর/২৪-এপ্রিল/২৫ | মে-জুন/২৫ |
| অবহতিকরণ সভা | পাইলটিং বিষয়ে সকলকে অবহিত করণ বিষয়ক স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অবহিতকরণ সভা; | দলনেতা | □ | | | |
| সম্ভাব্যতা যাচাই | উপকারভোগীদের কার্যক্রমের সম্ভাব্যতা যাচাই; | দল সদস্য | □ | □ | | |
| | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি করে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা; | | | | □ | |
| নিবিড় প্রশিক্ষণ ও প্রশিক্ষণ হ্যান্ডনোট অনলাইনে সরবরাহ | প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ; | দল সদস্য | □ | □ | □ | |
| তদারকী ও মূল্যায়ন | আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপন তদারকী ও প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ। | দলনেতা | | | | □ |

১০. রিসোর্স ম্যাপঃ

| প্রয়োজনীয় সম্পদ | | | কোথা হতে পাওয়া যাবে? |
|---|---|---|---|
| খাত | বিবরণ | প্রয়োজনীয় অর্থ | |
| জনবল | অফিস কর্মচারী | ০ | - |
| বস্তুগত | কম্পিউটার/ল্যাপটপ, স্ক্যানার, স্মার্ট মোবইল ফোন, ইন্টারনেট কানেকশন ইত্যাদি | ০ | অফিসিয়াল লজিস্টিক থাকায় এবং কন্টিজেন্সি বিল হতে সামান্য খরচ বহন করা সম্ভব হবে। |

| | | | |
|---|---|---|---|
| অন্যান্য | অফিস আনুসঙ্গিক | ০ | -- |
| প্রয়োজনীয় মোট অর্থ | | ০ | -- |

১১. ঝুঁকি:

- প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে কাজে না লাগানো;
- সরকারী সুযোগ কম থাকা;
- অন্য দপ্তরের সহিত সমন্বয়;

১২. কিভাবে এ আইডিয়াটি অন্য স্থানে ব্যবহৃত হতে পারে?

এই আইডিয়া যাচাই বাছাই পূবর্ক সংশ্লিষ্ট বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা হতে আদেশের মাধ্যমে দেশের অন্য সকল সমবায় ইনস্টিটিউটে চালু করা যেতে পারে।

নিবিড় প্রশিক্ষণ এবং আন্তঃসমবায় সম্পর্ক স্থাপনকে প্রাধান্য দিয়ে **"হোয়াট'স অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃসমবায় সম্পর্ক দৃঢ়করণ"** শিরোনামে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা এ উক্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। পাইলটিংএর পর উহা দেশের অন্য সকল সমবায় ইনস্টিটিউটে রেপ্লিকেটিং করা যেতে পারে।

. Details of the Owner:

| নাম | পদবী | অফিস | মোবাইল | ই-মেইল | আইডিয়া পাইলটিং এলাকা (৬খ এর আলোকে) |
|---|---|---|---|---|---|
| মাসুদা পারভীন | অধ্যক্ষ | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা | ০১৭১২৯৯৫৭৬০ | mparvin77@gmail.com | খুলনা বিভাগাধীন বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, যশোর, নড়াইল জেলার সমবায় কর্মচারী এবং সমবায়ীবৃন্দ। |

মাসুদা পারভীন ২৬.০৯.২৪

মাসুদা পারভীন
অধ্যক্ষ
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
খুলনা
ফোন : ০২৪৭৭৭০২৫১২
zcikbd@gmail.com

--০--

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা
www.czi.khulna.gov.bd

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০১.০৫.০০১.২৩.৪৮

**বিষয়: ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত সভা।**

এতদ্বারা আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক সভা আগামী ০৩/১০/২০২৪ খ্রিষ্টাব্দ রোজ বৃহস্পতিবার বিকেল ৪.০০টায় নিম্নস্বাক্ষরকারীর কাh©vলয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এ দপ্তরের সকল কর্মচারী এবং প্রত্যেক জেলা সমবায় দপ্তরের আওতাধীন ০৫ জন সমবায়ীকে যথাসময়ে যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

০১। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের বর্তমান সেবা প্রদান পদ্ধতি;
০২। সেবা সহজীকরণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক আলোচনা;
০৩। প্রদেয় সেবা থেকে একটি সেবাকে সহজীকরণ বিষয়ক আলোচনা;
০৪। বিবিধ।

০১-১০-২০২৪
মাসুদা পারভীন
অধ্যক্ষ
০২৪৭৭৭০২৫১২
czi.khulna@coop.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, জেলা সমবায় কার্যালয়, যশোর।
২। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, খুলনা।
৩। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, সাতক্ষীরা।
৪। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় কার্যালয়,বাগেরহাট।
৫। জেলা সমবায় কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জেলা সমবায় অফিস, জেলা সমবায় কার্যালয়, নড়াইল।
৬। জনাব মোঃ কামরুজ্জামান, পরিদর্শক, অধ্যক্ষ এর কার্যালয়, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা।
৭। জনাব শশাংক শেখর রায়,পরিদর্শক, অধ্যক্ষ এর কার্যালয়, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা (তাঁকে এ দপ্তরের সকল ১৭-২০ গ্রেডভূক্ত কর্মচারীর এ সভায় উপস্থিতি নিশ্চিতকরণের জন্য বলা হলো।
৮। জনাব মোঃ একলাচ উদ্দিন, পরিদর্শক, অধ্যক্ষ এর কার্যালয়, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা।

আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনায় অনুষ্ঠিত ০৩/১০/২০২৪ তারিখে পাইলটিং বিষয়ক অবহিতকরণ সভায় অংশগ্রহণকারীগণের উপস্থিতি তালিকা:

| ক্রঃ নং | প্রশিক্ষণার্থীদের নাম ও পদবী | সমিতির নাম ও ঠিকানা | |
|---|---|---|---|
| ১ | রিপা মৃধা, সদস্য | ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ কচুয়া, পোঃ কচুয়া, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট। | |
| ২ | মরিয়ম বেগম, সদস্য | ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ কচুয়া, পোঃ কচুয়া, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট। | |
| ৩ | চম্পা আক্তার, সদস্য | ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ কচুয়া, পোঃ কচুয়া, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট। | |
| ৪ | নন্দিতা রানী, সদস্য | ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ কচুয়া, পোঃ কচুয়া, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট। | |
| ৫ | মোছাঃআমেনা খাতুন, সদস্য | আমাদী মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ৬ | মনোয়ারা খাতুন, সদস্য | আমাদী মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ৭ | মোছাঃ লিলি খাতুন, সদস্য | আমাদী মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ৮ | মোছাঃরেহেনা আক্তার, সদস্য | আমাদী মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ৯ | সেলিনা খাতুন, সদস্য | মহেশ্বরীপুর মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ১০ | তাসলিমা খাতুন, সদস্য | মহেশ্বরীপুর মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ১১ | রওশনারা বেগম, সদস্য | মহেশ্বরীপুর মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ১২ | বিউটি খাতুন, সদস্য | মহেশ্বরীপুর মহিলা সমবায় সমিতি লিঃ, কয়রা, খুলনা। | |
| ১৩ | মোছাঃ খাদিজা পারভীন, সদস্য | দোয়েল মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ, গ্রামঃ মৌতলা, পোঃ মৌতলা উপজেলাঃ কালিগঞ্জ, সাতক্ষীরা। | |
| ১৪ | সায়লা খাতুন, সদস্য | দোয়েল মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ, গ্রামঃ মৌতলা, পোঃ মৌতলা উপজেলাঃ কালিগঞ্জ, সাতক্ষীরা। | |
| ১৫ | মোছাঃ শাহানা সুলতানা বিউটি, সদস্য | শাপলা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ,, গ্রামঃ কালিকাপুর, পোঃ কালিকাপুর উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা। | |
| ১৬ | মোছাঃ রাকেয়া খাতুন, সদস্য | শাপলা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ,, গ্রামঃ কালিকাপুর, পোঃ কালিকাপুর উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা। | |
| ১৭ | মোছাঃ আরিফা খাতুন, সদস্য | শংকরপুর বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ,, গ্রামঃ শংকরপুর, পোঃ কালিকাপুর উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা। | |
| ১৮ | জামিরন নেছা, সদস্য | শংকরপুর বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ,, গ্রামঃ শংকরপুর, পোঃ কালিকাপুর উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা। | |
| ১৯ | স্বপ্না মন্ডল, সদস্য | রুপালী মহিলা সমবায় সমিতি লিঃ, গ্রাম : পরচক্রা, পোষ্ট : বিদ্যানন্দকাটি, উপজেলা : কেশবপুর, জেলা : যশোর। | |
| ২০ | দিপালী মন্ডল, সদস্য | রুপালী মহিলা সমবায় সমিতি লিঃ, গ্রাম : পরচক্রা, পোষ্ট : বিদ্যানন্দকাটি, উপজেলা : কেশবপুর, জেলা : যশোর। | |
| ২১ | পারুল পারভীন, সদস্য | এ্যাসেড সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি., গ্রাম- মনোহরপুর, ডাকঘর- মনোহরপুর উপজেলা- মণিরামপুর, জেলা- যশোর। | |
| ২২ | জাকিয়া খাতুন, সদস্য | এ্যাসেড সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি., গ্রাম- মনোহরপুর, ডাকঘর- মনোহরপুর উপজেলা- মণিরামপুর, জেলা- যশোর। | |
| ২৩ | শারমিন খাতুন, সদস্য | মনোহরপুর বঙ্গমাতা মহিলা সমবায় সমিতি লি., গ্রাম- মনোহরপুর, ডাকঘর- মনোহরপুর উপজেলা- মণিরামপুর, জেলা- যশোর। | |
| ২৪ | মোসাঃ মরিয়ম আক্তার রুমা, সদস্য | চিত্রা মহিলা সমবায় সমিতি লিঃ, নড়াইল পৌরসভা, নড়াইল সদর, নড়াইল। | |
| ২৫ | মোনালিসা মুক্তা, সদস্য | চিত্রা মহিলা সমবায় সমিতি লিঃ, নড়াইল পৌরসভা, নড়াইল সদর, নড়াইল। | |
| ২৬ | শশাংক শেখর রায়, পরিদর্শক | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা। | |
| ২৭ | মোঃ কামরুজ্জামান, পরিদর্শক | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা। | |
| ২৮ | মোঃ একলাচ উদ্দিন, পরিদর্শক | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা। | |

# আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট খুলনায় অনুষ্ঠিত সেবা সহজীকরণ পাইলটিং বিষয়ক সভার কার্যবিবরনী

স্থান : আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা
তারিখ : ০৩/১০/২০২৪
সময় : বিকাল ০৪:০০ টা
সভাপতি : অধ্যক্ষ আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট খুলনা
উপস্থিতি : পৃথক তালিকা সংযুক্ত

সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট বর্তমান সেবা প্রদান পদ্ধতি। | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট খুলনায় থেকে প্রদত্ত সকল সেবা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১. সমবায়ীদের সকল সেবা সহজীকরণ করতে হবে। | ১. জনাব শশাংক শেখর রায়<br>সদস্য সচিব<br>ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি |
| ২. | সেবা সহজীকরণে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক আলোচনা | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট খুলনা থেকে প্রদত্ত ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ছকের কার্যক্রমসমূহ ওয়েবসাইট থেকে দেখানো হয়। | ২. ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল সূচকের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | ১. জনাব শশাংক শেখর রায়<br>সদস্য সচিব<br>ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি<br>ও<br>জনাব মোঃ কামরুজ্জামান<br>সদস্য<br>ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি |
| ৩. | প্রদেয় সেবা থেকে একটি সেবাকে সহজীকরণ বিষয়ক আলোচনা। | আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটের হোয়াটস অ্যাপ গ্রুপে তথ্য আপলোড ও প্রশিক্ষণ পরবর্তী ফলোআপ করার বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিটি প্রশিক্ষণ কোর্সে আগত সমবায়ীদের হোয়াটস অ্যাপ গ্রুপে এ্যড করার বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. প্রতিটি প্রশিক্ষণ কোর্স পরবর্তী সমবায়ীদের সাথে হোয়াটস অ্যাপ গ্রুপে যোগাযোগ রাখা ও ফলোআপ নিশ্চিত করতে হবে। | ১. জনাব শশাংক শেখর রায়<br>সদস্য সচিব<br>ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি<br>ও<br>জনাব মোঃ কামরুজ্জামান<br>সদস্য<br>ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মাসুদা পারভীন)
অধ্যক্ষ
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট
খুলনা।
ফোন: ০২৪৭৭৭০২৫১২
zcikbd@gmail.com

**গত ০৩/১০/২০২৪ তারিখে সেবা সহজীকরণ পাইলটিং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | • সমবায়ীদের সকল সেবা সহজীকরণ করতে হবে। | • সকল সেবা সহজীকরণ করার লক্ষ্যে আগতদের সাথে বন্ধুত্বসুলভ আচরণের পাশাপাশি বিভিন্ন বিষয়ে তাদের মতামত গ্রহণ করা হয়। | প্রচেষ্টা চলমান |
| ০২. | • ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল সূচকের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | • ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল সূচকের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে লক্ষমাত্রনুযায়ী অর্জন করা হয়। | প্রচেষ্টা চলমান |
| ০৩. | • প্রতিটি প্রশিক্ষণ কোর্স পরবর্তী সমবায়ীদের সাথে হোয়াটস অ্যাপ গ্রুপে যোগাযোগ রাখা ও ফলোআপ নিশ্চিত করতে হবে। | • প্রতিটি প্রশিক্ষণ কোর্স পরবর্তী সমবায়ীদের সাথে হোয়াটস অ্যাপ গ্রুপে যোগাযোগ রাখা ও ফলোআপ করা হচ্ছে। | প্রচেষ্টা চলমান |

১০/১০/২৪
মোঃ কামরুজ্জামান
সদস্য
ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি

২০/১০/২৪
জনাব শশাংক শেখর রায়
সদস্য সচিব
ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি

১০/১০/২৪
মাসুদা পারভীন
দলনেতা
ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা
www.czi.khulna.gov.bd

**নম্বর:** ৪৭.৬১.০০০০.০০১.০৫.০০১.২৩.৫৩

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনার ২০২৪-২০২৫ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনার সূচক 'সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন' এর সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নছকে বাস্তবায়নকারী টিম গঠন করা হলো।

| | দলনেতা | সদস্য-১ | সদস্য-২ |
|---|---|---|---|
| নাম | মাসুদা পারভীন | শশাংক শেখর রায় | মোঃ কামরুজ্জামান |
| পদবি | অধ্যক্ষ | পরিদর্শক | পরিদর্শক |
| দপ্তর | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট |
| ঠিকানা | বয়রা, খুলনা | বয়রা, খুলনা | বয়রা, খুলনা |

কার্যপরিধি :

১. আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি করে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা;

২. প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ;

৩. আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপন তদারকী ও প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ করা।

২৬-০৯-২০২৪
মাসুদা পারভীন
অধ্যক্ষ
০২৪৭৭৭০২৫১২
czi.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০১.০৫.০০১.২৩.৫৩/১ (২)

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। শশাংক শেখর রায়, পরিদর্শক, অধ্যক্ষ এর কার্যালয়, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা।

২। মোঃ কামরুজ্জামান, পরিদর্শক, অধ্যক্ষ এর কার্যালয়, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা।

২৬-০৯-২০২৪
মাসুদা পারভীন
অধ্যক্ষ